

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৭৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪০০]

৪। সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. যারা বলে, বিসমিল্লাহ, সূরাহ বারাআহ (তাওবাহ) ছাড়া আর সব সূরারই অংশ তাদের দলীল

بَابُ حُجَّةٍ مِنْ قَالَ الْبَسْمَلَةُ آيَةٌ مِنْ أَوَّلِ كُلِّ سُورَةٍ سِوَى بَرَاءَةَ

আরবী

حَدَّثَنَا عَلَيْ بْنُ حُجْرٍ السَّعْدِيُّ، حَدَّثَنَا عَلَيْ بْنُ مُسْهِرٍ، أَخْبَرَنَا الْمُخْتَارُ بْنُ فُلْفُلُ، عَنْ أَنَّسِ بْنِ مَالِكٍ، حَوْدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، - وَاللَّفْظُ لَهُ - حَدَّثَنَا عَلَيْ بْنُ مُسْهِرٍ عَنِ الْمُخْتَارِ، عَنْ أَنَّسٍ، قَالَ يَبْنُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ بَيْنَ أَظْهَرِنَا إِذْ أَغْفَى إِغْفَاءَهُ ثُمَّ رَفَعَ رَأْسَهُ مُتَبَسِّمًا فَقُلْنَا مَا أَضْحَكَكَ يَا رَسُولَ اللَّهِ قَالَ "أُنْزِلْتُ عَلَى آنِفِي سُورَةٌ" . فَقَرَأَ "بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ (إِنَّا أَعْطَيْنَاكَ الْكَوْثَرَ * فَصَلِّ لِرَبِّكَ وَانْحِرْ * إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ)" . ثُمَّ قَالَ "أَتَدْرُونَ مَا الْكَوْثَرُ" . فَقُلْنَا اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ . قَالَ "فَإِنَّهُ نَهْرٌ وَعَدَنِيهِ رَبِّي عَزَّ وَجَلَّ عَلَيْهِ خَيْرٌ كَثِيرٌ هُوَ حَوْضٌ تَرْدُ عَلَيْهِ أُمَّتِي يَوْمَ الْقِيَامَةِ آئِيَتُهُ عَدْدُ النُّجُومِ فَيُخْتَلِجُ الْعَبْدُ مِنْهُمْ فَأَقُولُ رَبِّ إِنَّهُ مِنْ أُمَّتِي . فَيَقُولُ مَا تَدْرِي مَا أَحْدَثَتْ بَعْدَكَ" . زَادَ أَبْنُ حُجْرٍ فِي حَدِيثِهِ بَيْنَ أَظْهَرِنَا فِي الْمَسْجِدِ . وَقَالَ "مَا أَحْدَثَ بَعْدَكَ" .

বাংলা

৭৮০-(৫৩/৪০০) 'আলী ইবনু হজুর (রহঃ) আনাস ইবনু মালিক (রাযঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মজলিসে উপস্থিত ছিলাম। হঠাৎ তার উপর অচেতন্য ভাব চেপে বসল। অতঃপর তিনি মুচকি হেসে মাথা তুললেন। আমরা বললাম, হে আল্লাহর রাসূল! আপনার হাসির কারণ কি? তিনি বললেনঃ এ মাত্র আমার উপর একটি সূরাহ অবর্তীর্ণ হয়েছে। তিনি পাঠ করলেনঃ বিসমিল্লাহ-হির রহমা-নির রহীম'। নিশ্চয়ই আমরা তোমাকে কাওসার দান করেছি। অতএব তুমি তোমার প্রতিপালকের জন্য সালাত আদায় কর এবং কুরবানী দাও। তোমার কৃৎসা রটনাকারীরাই মূলত শিকড়কাটা, নির্মূল।

অতঃপর তিনি বললেন, তোমরা কি জান কাওসার কি? আমরা বললাম, আল্লাহ ও তার রাসূলই বেশি ভালো জানেন। তিনি বললেনঃ এটা একটা ঝর্ণ। আমার মহান প্রতিপালক আমাকে তা দেয়ার জন্য ওয়াদা করেছেন।

এর মধ্যে অশেষ কল্যাণ রয়েছে, আমার উম্মতের লোকেরা কিয়ামতের দিন এ হাওয়ের পানি পান করতে আসবে। এ হাওয়ে রয়েছে তারকার মত অসংখ্য পানপাত্র (গ্লাস)।

এক ব্যক্তিকে সেখান থেকে তাড়িয়ে দেয়া হবে। আমি তখন বলবৎ প্রভু! সে আমার উম্মতেরই লোক। আমাকে তখন বলা হবে, তুমি জান না, তোমার মৃত্যুর পর এরা কী অভিনব কাজ (বিদ'আত) করেছে। ইবনু হজরের বর্ণনায় আরো আছেঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদে আমাদের কাছে এসেছেন এবং আল্লাহ বলবেন, এ ব্যক্তি আপনার পরে বিদ'আত চালু করেছে। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৭৭৭, ইসলামিক সেন্টারঃ ৭৮১)

English

Anas reported:

One day the Messenger of Allah (ﷺ) was sitting amongst us that he dozed off. He then raised his head smilingly. We said: What makes you smile. Messenger of Allah? He said: A Sura has just been revealed to me, and then recited: In the name of Allah, the Compassionate, the Merciful. Verily We have given thee Kauthar (fount of abundance). Therefore turn to thy Lord for prayer and offer sacrifice, and surely thy enemy is cut off (from the good). Then he (the Holy Prophet) said: Do you know what Kauthar is? We said: Allah and His Messenger know best. The Prophet (ﷺ) said: It (Kauthar) is a canal which my Lord, the Exalted and Glorious has promised me, and there is an abundance of good in it. It is a cistern and my people would come to it on the Day of Resurrection, and tumblers there would be equal to the number of stars. A servant would be turned away from (among the people gathered there). Upon this I would say: My Lord, he is one of my people, and He (the Lord) would say: You do not know that he innovated new things (in Islam) after you. Ibn Hujr made this addition in the hadith: "He (the Holy Prophet) was sitting amongst us in the mosque, and He (Allah) said: (You don't know) what he innovated after you"

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47533>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন